দৈনিক বাংলা

তারিখ 30 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৪

16

# পরীক্ষার ফল প্রকাশ করুন

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ইসলামিক স্টাডিজ বিভাগের ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রী। বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম অনুযায়ী ১৯৯২ সালের জুন মাসে আমাদের অনার্স ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা। কিন্তু সেশন জটের কারণে সে পরীক্ষা ১৯৯৪ সালের মে মাসে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে পরীক্ষা সমাপ্ত হওয়ার ৯০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ হওয়ার কথা। কিন্তু আজ প্রায় ৬ মাস হতে চলল অথচ এখনো ফলাফল প্রকাশের কোন লক্ষণ দেখা যাচ্ছে না। এদিকে কলা অনুষদের অপরাপর বিভাগ যেমন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১লা সেপ্টেম্বর, ইতিহাস বিভাগ, ৭ সেপ্টেম্বর এবং অন্যান্য বিভাগের ফলাফল ইতিমধ্যে প্রকাশিত হয়েছে। তাছাড়া আমাদের পরবর্তী ব্যাচের (১৯৯০-৯১ সালের) অনার্স ফাইনাল ১৪ই জানুয়ারী '৯৫ অনুষ্ঠিত হতে যাচ্ছে। অথচ বিভাগীয় শিক্ষকদের গড়িমসির কারণে আমাদের ফলাফল এখনো প্রকাশিত হলো না। এতে আমাদের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। এবং সেশনজট বৃদ্ধি পাচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের সবিনয় জিজ্ঞাসা, অন্যান্য বিভাগের ছাত্র সংখ্যা অধিক হওয়া সত্ত্বেও তাদের ফল প্রকাশিত হলো, অথচ আমাদের মাত্র ৭২ জন ছাত্রের ফলাফল প্রকাশে এত বিলম্ব কেন হচ্ছে? প্রসঙ্গত এখানে উল্লেখ্য, যে গত ১লা আগস্টে ৪টি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এবং মাত্র ৪ মাস পরেই এ মাসে সে পরীক্ষার ফলাফল ঘোষিত হয়েছে। প্রশ্ন হলো, বোর্ডের পক্ষে যা সম্ভব হয়েছে সেখানে আমাদের এত ভোগান্তি কেন? কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ, যথা শীঘ্র সম্ভব আমাদের পরীক্ষার ফলাফল প্রকাশ করে আমাদের এ ভোগান্তি ও অনিশ্চয়তার অবসান করুন এবং সেশনজট কমিয়ে আনুন।

—ভুক্তভোগী ছাত্র-ছাত্রীবৃন্দ।